

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বিদ্যালয় শাখা-২  
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০৮.০২২.০০.০০.০০২.২০১১-৩৮১

১১ আষাঢ়, ১৪২৬  
তারিখ:-----  
২৫ জুন, ২০১৯


বিষয়: ২০১৩ সনের পূর্বে জাতীকরণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ২০১৩ সনে জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের পারস্পরিক/সমন্বয় বদলি সংক্রান্ত গাইডলাইন।

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পত্র নং-৩৮.০১.০০০০.১৪৫.১৯.০১৪.১৮-২৫, তারিখ: ২৭/০৩/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত গাইডলাইন অনুসারে ২০১৩ সনের পূর্বে জাতীয়করণকৃত (পূর্বে জাতীয়করণকৃত) প্রাথমিক বিদ্যালয় ও ২০১৩ সনে জাতীয়করণকৃত (নতুন জাতীয়করণকৃত) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের সমন্বয় বদলি নিম্ন বর্ণিত গাইডলাইন অনুসরণ করে করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১. সমন্বয় বদলি হবে উপজেলার অভ্যন্তরে এবং ০১ এপ্রিল থেকে ৩১ ডিসেম্বরের মধ্যে;
২. সমন্বয় বদলি প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক উভয়ের ক্ষেত্রেই প্রযোজ্য হবে;
৩. নতুন জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়ের সর্বোচ্চ ২ জন আঙ্গীকৃত শিক্ষককে ইতোপূর্বে জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সমন্বয় বদলি করতে হবে। সাধারণ বদলি বা সমন্বয় বদলির কারণে পূর্বে জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকগণের ৫০% এর বেশী নব জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক থাকতে পারবেনা;
৪. সমন্বয় করার জন্য নতুন জাতীয়করণকৃত বিদ্যালয়ের শিক্ষক ও পূর্বে জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের নিকট হতে আবেদনপত্র চাওয়া যেতে পারে। আবেদন পাওয়া না গেলে কর্তৃপক্ষ জনস্বার্থে আবেদন ছাড়াই প্রয়োজনীয় সমন্বয় বদলি করতে পারবেন;
৫. সমন্বয়ের ক্ষেত্রে আগ্রহী বয়োজ্যেষ্ঠ মহিলা শিক্ষকদের অগ্রাধিকার দিতে হবে এবং পরবর্তীতে বয়োজ্যেষ্ঠ পুরুষ শিক্ষকদের বিবেচনা করতে হবে;
৬. সমন্বয়ের সময় পার্শ্ববর্তী/নিকটস্থ বিদ্যালয়ের শিক্ষকগণের মধ্যে সমন্বয়ের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে;
৭. আবেদন ছাড়া সমন্বয়ের ক্ষেত্রে পুরুষ শিক্ষকদের বিবেচনা করতে হবে। তবে ৫৫ বছর উর্ধ্ব বয়সী শিক্ষকদের বিবেচনা না করাই শ্রেয়;
৮. সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসারের সঙ্গে পরামর্শ করে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সমন্বয় বদলির আদেশ জারি করবেন;
৯. সিটি কর্পোরেশনকে একটি ইউনিট হিসাবে বিবেচনা করতে হবে। সিটি কর্পোরেশনের অভ্যন্তরে আন্ত:থানায় সমন্বয়ের প্রয়োজন হলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিসারের সাথে আলোচনা করে সমন্বয় বদলির আদেশ করবেন;

১০. সমন্বয় বদলি করার সময় সাধারণ বদলির শর্তসমূহ [সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বদলি নির্দেশিকা, ২০১৮ (সংশোধিত)] প্রযোজ্য হবে না;
১১. সমন্বয়জনিত বদলির কারণে যোগদানের পর পুনরায় বদলির ক্ষেত্রে সাধারণ বদলির শর্তসমূহ প্রযোজ্য হবে।



(জাহানারা রহমান)

উপসচিব

ফোন: ৯৫৭৭২৫৫

মহাপরিচালক  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা।

স্মারক নং-৩৮.০০৮.০২২.০০.০০.০০২.২০১১-৩৮১

১১ আষাঢ়, ১৪২৬

তারিখ:-----

২৫ জুন, ২০১৯

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক (সকল)।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৫. উপপরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয় (সকল বিভাগ)।
৬. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
৮. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।
৯. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১০. যুগ্মসচিব (বিদ্যালয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১১. অফিস কপি।



(জাহানারা রহমান)

উপসচিব